ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক সংবাদপত্র



# রোজদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে



ROSEDIN ● Vol. - 1 ● Issue - 119 ● Prgi No. : WBBEN/25/A1189 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : www.rosedin.in

ই-পেপার ● বর্ষ ঃ ৫ ● সংখ্যা ঃ ২৭৫ ● কলকাতা ● ২৭ আশ্বিন, ১৪৩২ ● মঙ্গলবার ● ১৪ অক্টোবর ২০২৫ ● পৃষ্ঠা - ৮ ● মূল্য - ৫ টাকা

পর্ব 82

## হিমালয়ের সমর্পণ যোগ



এদিকে "তোকে দেখার জন্য লক্ষ লক্ষ লোক আমাকে বলছেন ব্যাকুল হবে, লম্বা লম্বা লাইন লাগবে", আর এদিকে আচরণে আমাকে এই বড় গভীর খাতে নিয়ে এসেছেন সম্ভবত তিনি আমার পরের জীবনের কথা বলছেন। মানে ঐসব অসম্ভব লাগছিল। আর এরকম লাগছিল, "আমি সারাজীবন তাঁর মত এই খাতেই থাকব আর কখনও বাড়ী ফিরে যেতে পারব না. কারণ খাত থেকে বাইরে বেরোনো একলা তো অসম্ভব ছিল। কারণ এক জায়গায়ও যদি পা পিছলায় তাহলে নীচের খাতে পড়লে জীবন শেষ হয়ে যাবে।

ক্রমশঃ

# মুখ্যমন্ত্রীর মন্তব্যে মৌলবাদী চিন্তা ভাবনা প্রকাশ পাচ্ছে : সেলিম



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

মহিলাদের রাতে বেরনো প্রসঙ্গে মুখ্যমন্ত্রী যেই মন্তব্য করেছেন তাতে পুরুষতান্ত্রিক ভাবনা চিন্তা প্রকাশ পাচ্ছে। আরজি কর ঘটনার সময়ও একই কথা বলেছিলেন মুখ্যমন্ত্রী। মৌলবাদীদের মুখে এই কথা শোনা যায়। তারা মহিলাদের অগ্রগতিকে মেনে নিতে পারে না।' সোমবার মুজফফর আহমেদ ভবনে সাংবাদিক সম্মেলনে বললেন সিপিআই(এম) রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম। এদিন মুখ্যমন্ত্রী উত্তরবঙ্গে বলেছেন, "ভুটানের জলে এত ক্ষতি হয়েছে, আমরা চাই ওরা ক্ষতিপূরণ দিক।" সেলিম এই প্রসঙ্গে বলেন, 'দক্ষিণে বন্যা হলে বলেন ডিভিসির ছাড়া জলে বন্যা হয়েছে এখন বলছে ভুটানের জলে হয়েছে। বামপন্থীরা যখন নির্দিষ্ট ভাবে ক্ষতিপূরণের দাবি করছে তখন মমতা দৃষ্টি ঘোরাতে ভুটানের কথা বলছে।

এরপর ৩ পাতায়



# লঞ্চের মাধ্যমে, ব্র্যান্ডটি স্মার্ট তিন চাকার ইলেকট্রিক স্কুটারটিকে একটি চূড়ান্ত ফ্যামিলি রাইডে পরিণত করতে চায়

**কলকাতা, অক্টোবর ২০২৫**

একটি শীর্ষস্থানীয় ইলেকট্রিক ভেহিকল ব্র্যান্ড, কোমাকি ইলেকট্রিক সম্প্রতি ফ্যাম 1.0 এবং ফ্যাম 2.0 লঞ্চ করেছে, যার এক্স-শোরুম মূল্য যথাক্রমে 99,999 টাকা এবং 126,999 টাকা থেকে শুরু। এই গাড়িটি একটি চূড়ান্ত পারিবারিক যাত্রা হিসাবে চালু করা হয়েছে যা প্রতিটি যাত্রায় আরাম নিশ্চিত করার সাথে সাথে সঞ্চয় বৃদ্ধিতে অবদান রাখে।

স্মার্ট থ্রি-হুইলার ইলেকট্রিক স্কুটারটি ঘরোয়া এবং বাণিজ্যিক উভয় কাজের জন্য ডিজাইন করা হয়েছে। ফ্যাম 1.0 এবং ফ্যাম 2.0 যথাক্রমে ১০০ কিমির ওপর এবং 200 কিমির ওপরের রেঞ্জ প্রদর্শন করে এবং লিপো4 ব্যাটারি দ্বারা চালিত হয়। উন্নত ব্যাটারি প্রযুক্তি অতুলনীয় গুণমান, নির্ভরযোগ্যতা এবং কর্মক্ষমতা প্রদান করে যা দীর্ঘস্থায়ী এবং এনার্জি -সাশ্রয়ী সমাধানের সাথে সঙ্গতিপূর্ণ। লিপো4 ব্যাটারিগুলি 3000 থেকে 5000 চার্জ সাইকেল স্থায়ী করার সুবিধা নিয়ে আসে, যা উচ্চ-মানের স্থায়িত্ব প্রদর্শন করে।.

লিথিয়াম ব্যাটারি উচ্চতর নিরাপত্তা নিশ্চিত করার ক্ষেত্রে অগ্রণী ভূমিকা পালন করে এবং সহজাতভাবে কম্প্যাক্ট এবং হালকা, অতিরিক্ত গরম, আগুন এবং বিস্ফোরণের ঝুঁকি প্রতিরোধে কাজ করে। একই সাথে, এটি দ্রুত চার্জিং সহজতর করে, যা ইভি অ্যাপ্লিকেশনের জন্য ডাউনটাইম উল্লেখযোগ্যভাবে হ্রাস করে। অধিকন্তু, ইকো ফ্রেন্ডলি হওয়ায়, ব্যাটারিগুলিতে কোনও বিষাক্ত ভারী ধাতু থাকে না, যা পরিবেশের উপর তাদের প্রভাব কমায়।

সামগ্রিকভাবে, এই যানবাহনগুলি একটি স্মার্ট এবং স্টাইলিশ যাত্রার নিশ্চয়তা দেয়, স্কুটারে একাধিক সেন্সর সংযুক্ত করা হয়েছে যা ক্রমাগত গতি এবং ব্যাটারি পরীক্ষা করে। একই সাথে, স্ব-নির্ণয় করতে সক্ষম হওয়ায়, এটি স্কুটারের সিস্টেমের স্বয়ংক্রিয়ভাবে পরীক্ষা করে এবং কোনও মনোযোগের প্রয়োজন হলে রাইডারদের আগে থেকেই সতর্ক করে। উদ্ভাবনী প্রযুক্তির সাথে সংযুক্ত, এটি স্কুটারের পাওয়ার আউটপুট এবং গতি সামঞ্জস্য করার জন্য সংকীর্ণ স্থানগুলি দক্ষতার সাথে পরিচালনা করার জন্য রিভার্স অ্যাসিস্ট এবং সর্বোত্তম গিয়ার মোড সমর্থন করে। একইভাবে, বিশেষ ব্রেক লিভার সহ অটো হোল্ড উন্নত গ্রিপ এবং ব্রেকিং নির্ভুলতা প্রদান করে এবং স্মার্ট ড্যাশবোর্ডগুলি রিয়েল-টাইম রাইড ডেটা, নিরবচ্ছিন্ন নেভিগেশন, কল সতর্কতা ইত্যাদির মাধ্যমে সামগ্রিক রাইডিং অভিজ্ঞতাকে সমৃদ্ধ করে।

# বর্ধমান স্টেশনে ভিড়ের চাপে তুমুল বিশৃঙ্খলা



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

বর্ধমান: রবিবার সন্ধ্যায় ঘটে গেল বড় অঘটন। বর্ধমান স্টেশনে পদপিষ্ট হলেন ১৫জন যাত্রী। যাত্রীদের অভিযোগ রবিবার সন্ধ্যায় ৪-৫ এবং ৬ নম্বর প্লাটফর্মে একইসঙ্গে ট্রেনের ঘোষণা হয় ও ট্রেন এসে পৌঁছয়। তিনটি ট্রেনে যাত্রীরা ওভার ব্রিজ দিয়ে নির্দিষ্ট প্লাটফর্মে যেতে গেলে শুরু হয় তুমুল হুড়োহুড়ি।অনেকেই অভিযোগ করতে থাকেন ভিড়ের মধ্যে চরম বিশৃঙ্খলা সৃষ্টি হয়। চার নম্বর প্ল্যাটফর্মে ট্রেন দেরিতে এলেও একই সময় যে দুটি ট্রেন অপর দুটি প্ল্যাটফর্মে আছে সেই সময় ঘোষণা করে দেওয়ায় যাত্রীরা অতি দ্রুত চার নম্বর প্ল্যাটফর্মে নামতে গেলে এই অঘটন ঘটে। সকলেই রেলের

এরপর ৩ পাতায়

# ৬ বছর পর রাজীব কুমারের মামলা শুনে বিস্মিত প্রধান বিচারপতি

**স্টাফ রিপোর্টার, রোজদিন**



৬ বছর আগে মামলা করেছিল সিবিআই। তারপর আর কোনও হেলদোল নেই! কেন্দ্রীয় সংস্থার ভূমিকায় রীতিমতো বিস্মিত সুপ্রিম কোর্ট। এত বছরে কেন কোনও পদক্ষেপ করা হল না, তা নিয়ে প্রশ্ন তুলেছেন প্রধান বিচারপতি বি আর গাভাই। ২০১৯-এ রাজ্য পুলিশের বর্তমান ডিজি রাজীব কুমারকে আগাম জামিন দিয়েছিল কলকাতা হাইকোর্ট। সেই নির্দেশকে চ্যালেঞ্জ করে সুপ্রিম কোর্টের দ্বারস্থ হয়েছিল সিবিআই।৬ বছরে মাত্র দু'বার ওই মামলার শুনানি হয়েছে। আদতে রাজীব কুমারের মামলাটি ছিল সারদা চিটফান্ড সম্পর্কিত। সিবিআই ওই মামলার তদন্ত করতে গিয়ে অভিযোগ তোলে সারদা-কাণ্ডের তদন্তে রাজ্য সরকারের তৈরি করা সিটের সদস্য হওয়া সত্ত্বেও রাজীব কুমার তদন্তে সহযোগিতা করছে না। কলকাতায় সিবিআইয়ের দফতরে হাজিরা দিয়েছিলেন রাজীব কুমার। তবে কলকাতার প্রাক্তন পুলিশ কমিশনার রাজীব কুমারকে হেফাজতে চেয়ে পদক্ষেপ শুরু করে সিবিআই। এরপর আগাম জামিনের আবেদন জানান রাজীব কুমার।৬ বছর পর আজ সোমবার ছিল সেই মামলার শুনানি। সোমবার সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি বি আর গাভাই ও বিচারপতি কে বিনোদ চন্দ্রনের বেঞ্চে ছিল মামলার শুনানি। শুনানির শুরুতেই সিবিআই-এর ভূমিকা নিয়ে বিস্ময় প্রকাশ করে সুপ্রিম কোর্ট। ডিভিশন বেঞ্চের প্রশ্ন, "একবারও কি সিবিআই পদক্ষেপ করেছিল শুনানির জন্য?" ২০১৯-এ রাজ্য পুলিশের বর্তমান ডিজি রাজীব কুমারকে আগাম জামিন দিয়েছিল কলকাতা হাইকোর্ট।

ওই বছরের অক্টোবরে আগাম জামিন দেওয়া হয় রাজীব কুমারকে। ঠিক তিনদিনের মাথায় হাইকোর্টের সেই নির্দেশকে চ্যালেঞ্জ করে সুপ্রিম কোর্টের দ্বারস্থ হয়েছিল সিবিআই। পরে নভেম্বরে সেই মামলার শুনানি হয়। পরে ওই বছরের ডিসেম্বর মাসে শীর্ষ আদালতের তরফে রাজীব কুমারকে নোটিসও দেওয়া হয়। কিন্তু তারপর থেকে ওই মামলার আর কোনও অগ্রগতি হয়নি।







# আচমকা অসুস্থ হয়ে হাসপাতালে ভর্তি শমীক ভট্টাচার্য



স্টাফ রিপোর্টার, রোজদিন

আচমকা বেড়েছে অসুস্থতা। সোমবার বাইপাসের ধারে এক বেসরকারি হাসপাতালে ভর্তি করা হল বিজেপি রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্যকে। হাসপাতাল সূত্রে খবর, তাঁর একাধিক শারীরিক পরীক্ষা হবে। সেইসঙ্গে চলবে রুটিন চেকআপও। রিপোর্ট দেখে চিকিৎসার পরবর্তী ধাপ ঠিক করা হবে। রাজ্য সভাপতির দায়িত্ব পাওয়ার পর থেকে কাজ বেড়েছে শমীক ভট্টাচার্যের। ছাব্বিশের বিধানসভা নির্বাচনকে পাখির চোখ করে সংগঠনের সমস্ত স্তর নতুন করে সাজিয়ে নিচ্ছেন তিনি। তৈরি করছেন নতুন নতুন কমিটি। তার জন্য প্রায়শয়ই রাজ্যের বিভিন্ন প্রান্তে ছোটাছুটি করতে হয়। এছাড়া সম্প্রতি উত্তরবঙ্গের ভয়াবহ বন্যার পর সেখানকার বাসিন্দাদের পাশে থাকতে ছুটে গিয়েছিলেন শমীকবাবু। তারপর থেকে জ্বর নিয়েই সমস্ত কাজকর্ম করছিলেন। কিন্তু সোমবার বেশ দুর্বলতা অনুভব করেন তিনি। ফলে হাসপাতালে ভর্তি করানো হয়। আগামী কয়েকদিন সেখানেই চিকিৎসা চলবে তাঁর।জানা যাচ্ছে, বেশ কয়েকদিন ধরেই জ্বরে ভুগছিলেন বছর বাষট্টির শমীক ভট্টাচার্য। ওষুধ খেয়েও তা কমেনি। অসুস্থ শরীর নিয়েই দলীয় কর্মসূচি চালিয়ে যাচ্ছিলেন। কিন্তু সোমবার সকালে বেশি অসুস্থ বোধ করেন তিনি। দুর্বলতা বাড়ে। ফলে আর বাড়িতে চিকিৎসার ঝুঁকি না দিয়ে তাঁকে হাসপাতালে ভর্তি করানো হয়। চিকিৎসার শমীকবাবুর শারীরিক পরিস্থিতি নিয়ে এখনই মুখ খুলতে চাননি। তবে জানিয়েছেন, সমস্ত পরীক্ষা করা হবে। আপাতত তাঁকে চিকিৎসকদের পর্যবেক্ষণে রাখা হবে।

(১ম পাতার পর)

# মুখ্যমন্ত্রীর মন্তব্যে মৌলবাদী চিন্তা ভাবনা প্রকাশ পাচ্ছে : সেলিম

কেন্দ্রীয় সরকারের মতো প্রতিবেশী দেশের সাথে মমতা শত্রুতা করছে। ভুটানের সাথে অতীতে এই রাজ্যের সুসম্পর্ক ছিল। 'দূর্গাপুরে চিকিৎসক পড়ুয়ার দলবদ্ধ ধর্ষণের ঘটনা প্রসঙ্গে মুখ্যমন্ত্রী বলেন, "স্তম্ভিত করে দেওয়ার মতো ঘটনা। ওই মেয়েটি একটি বেসরকারি মেডিক্যাল কলেজে পড়ছিল। বেসরকারি কলেজে...কার দায়িত্ব। রাত সাড়ে ১২টায় বেরলো কী করে? আমি যতদূর জানি জঙ্গলের মধ্যে ঘটেছে ঘটনাটি। তদন্ত চলছে। আমি হতবাক। বেসরকারি মেডিক্যাল কলেজগুলিকে সতর্ক হতে হবে। পড়ুয়াদের টেক কেয়ার(দেখভাল) করতে হবে। বিশেষ করে মেয়েদের ক্ষেত্রে রাতের বেলা বেরোতে দেওয়া উচিত নয়। বিশেষ করে ছোট মেয়েদের। নিজেদের রক্ষা করতে হবে। বিশেষ করে জঙ্গল এলাকায়।" মুখ্যমন্ত্রীকে নিশানা করে সেলিম বলেন, আরজি করের ঘটনা থেকেও মুখ্যমন্ত্রী এবং রাজ্য প্রশাসন কোন শিক্ষা নেই। প্রশাসনের মধ্যে কোন অপরাধ বোধ নেই। একটা প্রগতিশীল রাজ্যের মুখ্যমন্ত্রী কখনও এই ধরনের কথা বলতে পারে না। সিপিআই(এম) রাজ্য সম্পাদক বলেন, 'রাজ্যের মুখ্যমন্ত্রী নিজে একজন মহিলা হয়েছে প্রতিটা নির্যাতনের ঘটনার পর মহিলাদের দোষ দেয়। মুখ্যমন্ত্রীর মুখে এই ধরনের কথা অপরাধীদের সাহস বাড়ায়।'

সেলিম বলেন, 'রাম মোহন রায়, বিদ্যাসাগররা যেই পথ দেখিয়েছিল মুখ্যমন্ত্রী তার উল্টো পথে হাঁটছে।' তিনি বলেন, 'পুলিশকে দলীয় কাজে ব্যবহার করছে তৃণমূল। থানা থেকে মুখ্যমন্ত্রী অপরাধীকে ছাড়িয়ে এনেছেন। গোটা পুলিশ ব্যবস্থাকে শেষ করে দেওয়া হয়েছে।'

উল্লেখ্য মুখ্যমন্ত্রী দাবি করেছেন রাত ১২টার পর ঘটনাটি ঘটেছে। বিভিন্ন তথ্য প্রমাণে লক্ষ করা যাচ্ছে মুখ্যমন্ত্রীর বলা সময়ের অনেক আগেই ঘটেছে এই ঘটনা। সেলিম বলেন, 'মমতা দূর্গাপুর নিয়ে প্রথম থেকেই মিথ্যা কথা বলছে।

(২ পাতার পর)

# বর্ধমান স্টেশনে ভিড়ের চাপে তুমুল বিশৃঙ্খলা

অব্যবস্থার দিকে আঙ্গুল তুলেছেন। আহতদের মধ্যে একাধিক মহিলা ও রয়েছেন। বয়স্ক যাত্রীরা রয়েছেন আহতদের তালিকায়। রেলের পক্ষ থেকে আহত যাত্রীদের চিকিৎসার ব্যয়ভার বহন করা হবে বলে জানানো হয়েছে। পরে বিশাল সংখ্যক পুলিশ বর্ধমান স্টেশনে গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। ভিড়ের মধ্যে ধাক্কাধাক্কিতে পড়ে গেলে বর্ধমান স্টেশনে পদপিষ্ট হয়ে আহত হন একাধিক যাত্রী। রবিবার ছুটির সন্ধ্যায় বড়সড় দুর্ঘটনা ঘটে।একিই ব্রিজ থেকে ওঠা এবং নামায় ব্যাপক ভিড় হয়ে যায় ৪নম্বর ব্রিজের ওপর। ফলে শুরু হয় ধাক্কাধাক্কি যার দরুন রবিবার ছুটির সন্ধ্যায় বড়সড় দুর্ঘটনা ঘটে বর্ধমান রেলস্টেশনে। যাত্রীদের প্রচণ্ড ভিড়ে পদপিষ্ট হয়ে অন্তত প্রায় ১০ থেকে ১৫ জন আহত হয়েছেন বলে জানা গেছে। আহতদের সকলকেই তড়িঘড়ি বর্ধমান মেডিকেল কলেজ ও হাসপাতালে (Bardhaman Hospital) ভর্তি করা হয়েছে।

জানা যায় শনিবার সন্ধ্যায়, ৫ টা ১৫-২০নাগাদ বর্ধমান স্টেশনের ৫ নম্বর প্ল্যাটফর্মে হলদিবাড়ি গামী একটি ট্রেন দাঁড়িয়ে ছিল। একই সময়ে ৪ নম্বর লাইনে মেল ট্রেন এবং ৬ নম্বর লাইনে রামপুরহাটগামী ট্রেন ঢুকে পড়ে। একসঙ্গে তিন চারটে ট্রেন আসায় এবং ঘোষণা হওয়ায় যাত্রীদের মধ্যে হুড়োহুড়ি পড়ে যায়। সেই সময় অতিরিক্ত ভিড়ের ফলে পদপিষ্ট হয়ে পড়েন একাধিক যাত্রী।রেল পুলিশ ও স্টেশন কর্তৃপক্ষের উদ্যোগে আহতদের উদ্ধার করে হাসপাতালে পাঠানো হয়। ঘটনাকে কেন্দ্র করে বর্ধমান স্টেশনে ব্যাপক চাঞ্চল্য ছড়িয়েছে । বর্ধমানের স্থানীয় তৃণমূল বিধায়ক অভিযোগ করেন রেলের কর্তাদের অব্যবস্থা দরুন প্রায়শই বর্ধমান জংশন স্টেশনে দুর্ঘটনা ঘটছে। রবিবারও অত্যাধিক ভিড়ের চাপে ৮ জন গুরুতর আহত হন। একজনের পায়ে আঘাত গুরুতর। আহতদের মধ্যে অনেকেই স্থানীয়। বাকিদের বুকে চোট লেগেছে। কোন প্রাণহানির ঘটনা ঘটেনি।

## সম্পাদকীয়

### SSC-র পুরো প্যানেলই বাতিল

গ্রুপ-সি এবং গ্রুপ-ডি কর্মী প্রার্থীদের আবেদন খারিজ করে দিল সুপ্রিম কোর্ট। বেঞ্চ আরও নির্দেশ দেয়, ভবিষ্যতে নিয়োগ সংক্রান্ত কোনও আপত্তি থাকলে প্রথমে হাইকোর্টে যেতে হবে। সরাসরি সুপ্রিম কোর্টে অতিরিক্ত আবেদন গ্রহণযোগ্য নয়। ফলে শিক্ষাকর্মী প্রার্থীদের এই আবেদন খারিজ হয়ে গেল এবং আগের রায় বহাল থাকল।স্কুল সার্ভিস কমিশনের গ্রুপ সি এবং গ্রুপ ডি নিয়োগ প্রক্রিয়ায় হস্তক্ষেপ করতে রাজি নয় সুপ্রিম কোর্ট । নিয়োগের নির্দিষ্ট সময়সীমা বেঁধে দেওয়ার আর্জি সোমবার খারিজ করে দিল বিচারপতি সঞ্জয় কুমার এবং বিচারপতি অলোক আরাধের বেঞ্চ।মামলাকারী 'যোগ্য' প্রার্থীদের দাবি ছিল, শিক্ষক নিয়োগের মতোই গ্রুপ সি ও ডি পদেও দ্রুত নিয়োগের জন্য সময়সীমা নির্ধারণ করা হোক। তাঁদের বক্তব্য, দীর্ঘদিন ধরে অনিশ্চয়তায় আছেন তাঁরা।

আবেদনকারীদের দাবি ছিল, শিক্ষক নিয়োগের মতো নির্দিষ্ট সময়সীমার মধ্যে দ্রুত নিয়োগ প্রক্রিয়া সম্পূর্ণ করা হোক। তাঁদের অভিযোগ, শিক্ষক নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ হলেও কর্মী নিয়োগের বিজ্ঞপ্তি দেরিতে হচ্ছে এবং নিয়োগ নিয়ে কোনও নিশ্চয়তা নেই।

কিন্তু আদালতের পর্যবেক্ষণ, আগের রায়ে ইতিমধ্যেই পুরো প্যানেল বাতিল করা হয়েছে। তাই একই বিষয়ে নতুন করে আবেদন বা শুনানি চলতে পারে না। বেঞ্চ স্পষ্টভাবে জানায়, 'কোনও অতিরিক্ত মামলার আবেদন শোনা হবে না। আমরা পুরো প্যানেল বাতিল করে দিয়েছি। এই অবস্থায় বারবার একই বিষয়ে মামলা করা যায় না।'

তখন মামলাকারীদের পক্ষের আইনজীবী যুক্তি দেন, শিক্ষক নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশিত হলেও শিক্ষাকর্মী (গ্রুপ সি ও ডি) নিয়োগ বিজ্ঞপ্তিতে দেরি হচ্ছে। এই নিয়ে অনিশ্চয়তা কাটাতে শুনানি হোক।

বিচারপতি সঞ্জয় কুমার ও বিচারপতি অলোক আরাধের বেঞ্চ স্পষ্ট জানায়, মূল মামলায় রায় ইতিমধ্যেই দেওয়া হয়েছে। সেই রায়ে পুরো প্যানেল বাতিল করা হয়েছে। এই অবস্থায় একই বিষয় নিয়ে বারবার আবেদনের কোনও অর্থ নেই। আদালত জানায়, অতিরিক্ত আবেদন আর শোনা হবে না।

আবেদনকারীদের আইনজীবী যুক্তি দেন, কর্মী নিয়োগে দেরির কারণেই তাঁরা আদালতের দ্বারস্থ হয়েছেন। শিক্ষক নিয়োগের ক্ষেত্রে যেভাবে সময়সীমা বেঁধে দেওয়া হয়েছে, সেই রকম নির্দেশ কর্মী নিয়োগের ক্ষেত্রেও প্রয়োজন। কিন্তু সুপ্রিম কোর্ট জানায়, নতুন বিজ্ঞপ্তি জারি হলে তবেই নতুন করে মামলা করা যেতে পারে।

# পৃথিবীর সৃষ্টির মূলে শিব



মৃত্যুঞ্জয় সরদার

(চতুর্থ পর্ব)



আধ্যাত্মিক দিক দিয়ে। পৃথিবীতে যখন পাপের ভরপুর হয়েছে ,তখনই পৃথিবীর কোনো না কোনো কারণে ধ্বংস করেছে পৃথিবীর রক্ষা কর্তা। তিনি এই ব্রম্ভান্ডের সর্বত্র বিরাজমান ছিল, তেমনই বহু তথ্য উঠে এসেছে আমার অনুসন্ধান বা গবেষণাতেই। ইচ্ছা শক্তির বিরুদ্ধে গিয়ে, হয়তো অনেকেই অনেক কিছু করতে বাধ্য হয়েছে । কিন্তু ইচ্ছাশক্তির মানুষের বড় করার মহৌষধি।যার ইচ্ছা শক্তি যতটা বেশি, সে ততো বেশি গভীরে গিয়ে তার নিজের কর্ম দিয়ে মানুষকে দেখিয়ে দিয়েছে

ক্রমশঃ

(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)

# কেন্দ্রের খাদ্য ও গণবণ্টন বিভাগের সচিব পশ্চিমবঙ্গে খাদ্য ও গনবন্টন কর্মসূচির বাস্তব রূপায়ন পর্যালোচনা করলেন


**কলকাতা, অক্টোবর ১৩, ২০২৫**

আজ কলকাতায় কেন্দ্রের খাদ্য ও গণবন্টন বিভাগের সচিব শ্রী সঞ্জীব চোপড়া পশ্চিমবঙ্গ সরকারের খাদ্য ও সরবরাহ বিভাগের আধিকারিকদের সঙ্গে একটি পর্যালোচনা বৈঠকে বসেন। এই বৈঠকে ফুড কর্পোরেশন অফ ইন্ডিয়ার পূর্বাঞ্চলীয় কার্যালয়ের কার্যনির্বাহী অধিকর্তা ফ্লাইট লেফটেন্যান্ট মনোজ কুমার গগৈ (অবসরপ্রাপ্ত) এবং ফুড কর্পোরেশন অফ ইন্ডিয়া ও সেন্ট্রাল ওয়্যারহাউসিং কর্পোরেশনের বরিষ্ঠ আধিকারিকরা উপস্থিত ছিলেন।

পর্যালোচনা বৈঠকে সচিব শ্রী চোপড়া খাদ্যশস্য সংগ্রহ, মজুত এবং বিতরণের দক্ষতা নিশ্চিত করার লক্ষ্য-সহ খাদ্য ও গণবন্টন বিভাগের বিভিন্ন পরিকল্পনা ও কর্মসূচির বাস্তব রূপায়নের অগ্রগতি খতিয়ে দেখেন।

এই বৈঠকে নাগরিকদের সুবিধার জন্য সকল খাদ্য বন্টন ও কল্যাণমূলক প্রকল্প কার্যকরভাবে বাস্তবায়নে ভারত সরকারের প্রতিশ্রুতিও তুলে ধরা হয়।

## বাংলা হচ্ছে মাতৃ শক্তি উপাসনার সেরা ভূমি



-: মৃত্যুঞ্জয় সরদার :-

কিন্তু আমি এই একটি দশম শতকের মূর্তি পাচ্ছি (ক্রিস্টিজ ২০০৩ সালে নিলাম করেছে বজ্রবারাহী বলে, কিন্তু ইনি বজ্রবারাহী কিনা সে সম্পর্কে এই ছবিতে মূর্তির শিরপার্শ্বে বরাহ-আকৃতির protuberance স্পষ্টভাবে দেখা যাচ্ছে না বলে নিশ্চিত হতে পারছি না।

ক্রমশঃ


## • সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# কেন্দ্রীয় স্বরাষ্ট্র ও সমবায় মন্ত্রী শ্রী অমিত শাহ রাজস্থানের জয়পুরে ৪ লক্ষ কোটি টাকার বিনিয়োগ প্রস্তাবের গ্রাউন্ড ব্রেকিং উদ্বোধন করেছেন

**নয়াদিল্লি, ১৩ অক্টোবর, ২০২৫**

কেন্দ্রীয় স্বরাষ্ট্র ও সমবায় মন্ত্রী শ্রী অমিত শাহ রাজস্থানের জয়পুরে ৪ লক্ষ কোটি টাকার বিনিয়োগ প্রস্তাবের গ্রাউন্ড ব্রেকিং উদ্বোধন করেছেন। তিনটি নতুন অপরাধী আইনের ওপর রাজ্যস্তরের একটি প্রদর্শনী ও রাজস্থান সরকারের বিভিন্ন উন্নয়নমূলক কাজের উদ্বোধন ও শিলান্যাস করেছেন। এই উপলক্ষ্যে রাজস্থানের মুখ্যমন্ত্রী শ্রী ভজনলাল শর্মা এবং কেন্দ্রীয় স্বরাষ্ট্র সচিব শ্রী গোবিন্দ মোহন-সহ বহু বিশিষ্টজন উপস্থিত ছিলেন।

এই উপলক্ষ্যে ভাষণে কেন্দ্রীয় স্বরাষ্ট্র ও সমবায় মন্ত্রী শ্রী অমিত শাহ বলেন, এই অনুষ্ঠান উন্নয়ন এবং ন্যায়ের মধ্যে সমন্বয় সৃষ্টি করেছে। তিনি বলেন, আজ এখানে দেশের ন্যায় প্রক্রিয়ায় আমূল পরিবর্তন আনা এবং সংবিধান প্রদত্ত অধিকার সম্পর্কে দেশের জনগণকে সহজে বোঝানোর এক প্রদর্শনী শুরু হয়েছে। রাজস্থানে উন্নয়নে গতি আনতে রাইজিং রাজস্থান ৩৫ লক্ষ কোটি টাকার যে মউ স্বাক্ষরিত হয়েছে, তার মধ্যে ৩ লক্ষ কোটি টাকার মউ-এর কাজ ইতিমধ্যেই শুরু হয়েছে।

শ্রী শাহ বলেন, অপরাধী বিচার প্রক্রিয়ার সঙ্গে যুক্ত সকলের এই প্রদর্শনী অবশ্যই দেখা উচিত। এই প্রদর্শনীর মাধ্যমে মানুষ জানতে পারবেন ১৬০ বছরের পুরনো আইন সমাপ্ত করে প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী তিনটি নতুন আইন এনেছেন। এগুলি সম্পূর্ণভাবে চালু হলে কোনও এফআইআর দায়ের হলে তিন বছরের মধ্যেই ন্যায়বিচার মিলবে। শ্রী শাহ বলেন, প্রধানমন্ত্রী মোদী জীবনযাত্রার সরলীকরণ করতে দেশে নানা রকম পরিবর্তন এনেছেন। পাশাপাশি, বিচার প্রক্রিয়ার সরলীকরণও করা হচ্ছে।

কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী বলেন, তিনটি নতুন আইনের সাহায্যে আমাদের বিচার প্রক্রিয়া দণ্ড দেওয়ার বদলে ন্যায় প্রদানের প্রেরণা নিয়ে কাজ করবে।

শ্রী মোদী বলেন, নতুন এই বিচার প্রক্রিয়ায় মহিলা ও শিশুদের বিরুদ্ধে অপরাধের জন্য আলাদা অধ্যায় যুক্ত করা হয়েছে। তিনি বলেন, রাজস্থানে এতদিন বিচারদানের হার ছিল ৪২ শতাংশ। নতুন এই আইন আসার পর এক বছরেই তা বেড়ে ৬০ শতাংশ হয়েছে।

কেন্দ্রীয় স্বরাষ্ট্র ও সমবায় মন্ত্রী বলেন, নতুন এই অপরাধ আইনে সন্ত্রাসবাদ, গণপিটুনি সংগঠিত ও ডিজিটাল অপরাধের ব্যাখ্যা প্রথমবার করা হয়েছে। তিনি বলেন, এই আইনে সব মিলিয়ে ২৯টির বেশি স্থানে সময়সীমা স্থির করে দেওয়া হয়েছে।

শ্রী শাহ আর-ও বলেন, ৪ লক্ষ কোটি টাকার বিনিয়োগ প্রস্তাবের গ্রাউন্ড ব্রেকিং অনুষ্ঠান হয়েছে। এরফলে রাজস্থানে বিভিন্ন প্রকল্প যুব সম্প্রদায়ের জন্য কর্মসংস্থানের সুযোগ বাড়াবে।

কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী বলেন, মোদী সরকার স্থির করেছে যে, কৃষক এনএএফইডি এবং এনসিসিএফ-এ নথিভুক্ত করবেন, তাঁদের উৎপাদিত ১০০ শতাংশ অড়হর, মুসুড় ও তুর ডাল ন্যূনতম সমর্থন মূল্যে ক্রয় করা হবে। দেশকে ডাল ও তিল ক্ষেত্রে আত্মনির্ভর করে তোলার দায়িত্ব আমাদের অন্নদাতাদের। তিনি বলেন, দেশকে ডাল ও তিল ক্ষেত্রে আত্মনির্ভর করে তুলতে কৃষকদের তাঁদের উৎপাদন বাড়াতে হবে।

# সরকার কর্মচারীদের সামাজিক সুরক্ষা কভারেজ-এর আওতায় আনা বাড়াতে কর্মচারী নথিভুক্তিকরণ অভিযান ২০২৫ শুরু করল

**নয়াদিল্লি, ১৩ অক্টোবর, ২০২৫**

কেন্দ্রীয় শ্রম এবং কর্মসংস্থান মন্ত্রক 'কর্মচারী নথিভুক্তিকরণ অভিযান ২০২৫' (ইইসি ২০২৫)-এর ঘোষণা করেছে, যা ইপিএফও-র মাধ্যমে অধিক সংখ্যায় শ্রমিকদের সংগঠিত সামাজিক সুরক্ষার আওতায় আনার জন্য এক গুরুত্বপূর্ণ পদক্ষেপ। এই যোজনা ১ নভেম্বর ২০২৫ থেকে ৩০ এপ্রিল ২০২৬ পর্যন্ত চালু চলবে। এই যোজনা ২০০৯ থেকে ২০১৬ পর্যন্ত বাদ পড়া যোগ্য কর্মচারীদের নথিভুক্তিকরণের জন্য ২০১৭-য় হওয়া এই ধরনের সফল নথিভুক্তিকরণ অভিযানের পর, মন্ত্রকের আরও এক প্রয়াস।

এই অভিযানের উদ্দেশ্য কর্মচারী ভবিষ্য নিধি এবং বিবিধ সংশোধনী অধিনিয়ম ১৯৫২-এর অন্তর্গত আগে থেকেই নথিভুক্ত এবং নতুন নিয়োগকারী, দুই পক্ষকেই স্বেচ্ছায় যোগ্য কর্মচারীর ঘোষণা এবং নথিভুক্তিকরণের জন্য উৎসাহিত করা।

এরপর ৬ পাতায়


## আপাতকালীন পরিষেবা তালিকাসূচী

**Emergency Contacts**
Ambulance - 102
Ambulance (Randhunahal Club) - 9735697689
Child Line – 112
Canning PS - 03218-255221
FIRE - 9064495235

**Contacts of Hospital, Nursing Home & Doctors**
Canning S.D Hospital - 03218-255352
Dipanjan Nursing Home - 03218-255691
Green View Nursing Home - 03218-255550
A.K.Moolal Nursing Home - 03218-315247
Binapani Nursing Home - 9732545652
Nazat Nursing Home, Taldi - 9143032199
Welcome Nursing Home - 9733593488
Dr. Bikash Sapui - 03218-255269
Dr. Biren Mondal - 03218-255247
Dr Arun Dulal Paul - 03218 - (Cham) 253219
(Re) 255548
Dr. Phani Bhusan Das - 03218 - 255364,
(Cham) 255264
Dr. A.K. Bhartacherjee - 03218-255518
Dr. Lokenath Sa - 03218-255660


**Administrative Contacts**
SP Office - 033-24330010
SDO Office - 03218-255340
SDPO Office - 03218-285398
BDO Office - 03218-255205

**Contacts of Railway Stations & Banks**
Canning Railway Station - 03218-255275
SBI (Canning Town) - 03218-255216,255218
PNB (Canning Town) - 03218-255231
Mahila Co-operative Bank - 03218-255134
WB State Co-operative - 03218-255239
Bandhan Bank - Mob. No. 7596012991
Axix Bank - 03218-255352
Bank of Boroda, Canning - 03218-257888
ICICI Bank, Canning - 03218-255206
HDFC Bank, Canning Hos. More - 9088107808
Bank of India, Canning - 03218 - 245091

## রাত্রিকালীন ঔষধ পরিষেবার তালিকাসূচী (ক্যানিং)

প্রতি মাসের এই তারিখে এই সমস্ত দোকান খোলা থাকবে

| | | | | | |
|---|---|---|---|---|---|
| 01 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 02 ভারত মেডিকেল হল | 03 সপ্তা মেডিকেল হল | 04 ভারত মেডিক্যাল হল | 05 ঘোষ মেডিকেল | 06 ঔষধ ঘর |
| 07 আরোগ্য মেডিক্যাল | 08 মেডিকেয়ার ফার্মেসী | 09 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 10 জীবন জ্যোতি ফার্মেসী | 11 সিনহা মেডিকেল হল | 12 গোকুল ফার্মেসী |
| 13 ঔষধ ঘর | 14 সৌভিক ফার্মেসি | 15 নির্মলা মেডিকেল হল | 16 মাতৃ ফার্মেসী | 17 ইউনিক ফার্মেসী | 18 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি |
| 19 ঘোষ মেডিকেল | 20 সৌভিক ফার্মেসি | 21 আরোগ্য মেডিকেল | 22 মেডিকেয়ার ফার্মেসী | 23 শোভা মেডিকেল হল | 24 প্রমিলা মেডিকেল কর্নার |
| 25 সিনহা মেডিকেল হল | 26 ঘোষ মেডিকেল | 27 মাতৃ ফার্মেসী | 28 সৌভিক ফার্মেসি | 29 নির্মলা মেডিকেল হল | 30 মাতৃ ফার্মেসী |



পত্রিকা দপ্তর ও কুইনপ্রেসে চিঠিপত্র, লেখালেখি ও সংবাদ পাঠাতে হলে যোগাযোগ করুন নিচের দেওয়া ঠিকানা ও মোবাইল নম্বরে

**কুইন প্রেস ও পত্রিকা দপ্তর**

Editor
Mrityunjoy Sardar
C/o, Lalu sarda
Village:Hedia
P.O.:Uttar Moukhali
P.S. : Jibantala
District :South 24 Parganas
Pin:743329(W.B)

Mobile : 9564382031

# নেতানিয়াহুকে দুর্নীতি থেকে দায়মুক্তির আহ্বান ট্রাম্পের

**স্টাফ রিপোর্টার, রোজদিন**

ইসরায়েলের প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহুকে দুর্নীতির মামলায় ক্ষমা করে দেওয়ার আহ্বান জানিয়েছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প।

সোমবার ইসরায়েলি পার্লামেন্ট নেসেটে বক্তৃতা দিতে গিয়ে দেশটির প্রেসিডেন্ট আইজ্যাক হারজগের প্রতি এই আহ্বান জানান তিনি।

জানা গেছে, নেতানিয়াহুর বিরুদ্ধে দুর্নীতির তিনটি মামলা বিচারাধীন আছে।

সংবাদমাধ্যমের প্রতিবেদনে বলা হয়, নেতানিয়াহু ও তার স্ত্রী সারার বিরুদ্ধে এক মামলায় বিলিয়নিয়ার ব্যবসায়ীদের কাছ থেকে প্রায় দুই লাখ ৬০ হাজার মার্কিন ডলারের বিলাসপণ্য উপহার নেওয়ার অভিযোগ



রয়েছে। রাজনৈতিক সুবিধা প্রদানের বিনিময়ে তারা সিগার, গয়না ও শ্যাম্পেন ঘুষ হিসেবে নিয়েছিলেন বলে অভিযোগে বলা হয়েছে।

নেসেটে বক্তৃতার সময় রসিকতা করে ট্রাম্প বলেন, "সিগার আর শ্যাম্পেন; এসব নিয়ে মাথা ঘামায় কে? এরপর তিনি ঘনিষ্ঠ মিত্র বেনিয়ামিন নেতানিয়াহুকে 'ইসরায়েলের যুদ্ধকালীন অন্যতম শ্রেষ্ঠ নেতা' হিসেবে অভিহিত করেন তিনি।

ইসরায়েলের প্রেসিডেন্ট আইজ্যাক হারজগকে উদ্দেশ করে মার্কিন প্রেসিডেন্ট বলেন, "প্রেসিডেন্ট, আমার কাছে একটা ধারণা আছে। আপনি কেন তাকে ক্ষমা করে দেন না? যাইহোক, এসব কথা কিন্তু আমার বক্তৃতার লিখিত কপিতে ছিল না। আপনারা নিশ্চয়ই এটা জানেন। কিন্তু আমি এই ভদ্রলোককে (নেতানিয়াহু) বেশ পছন্দ করি।"

নেতানিয়াহু তার বিরুদ্ধে আনা তিন মামলার সব অভিযোগ অস্বীকার করেছেন। তার সমর্থকরা এই দীর্ঘমেয়াদি বিচারপ্রক্রিয়াকে রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত বলে দাবি করেছেন।

উপহার গ্রহণের মামলার পাশাপাশি নেতানিয়াহুর বিরুদ্ধে আরও দুটি মামলা রয়েছে। এক মামলার অভিযোগে বলা হয়েছে, তিনি ইসরায়েলের দুটি গণমাধ্যমের সঙ্গে অনুকূল সংবাদ প্রচারের জন্য গোপন সমঝোতা করার চেষ্টা করেছিলেন।

২০২২ সালের শেষ দিকে শুরু হওয়া বর্তমান মেয়াদে বিচার বিভাগে ব্যাপক সংস্কারের প্রস্তাব দিয়েছিলেন নেতানিয়াহু। আদালতের ক্ষমতা দুর্বল করার প্রয়াস হিসেবে তিনি এই প্রস্তাব দিয়েছেন বলে অভিযোগ করেছেন সমালোচকরা।

তার এই প্রস্তাবের প্রতিবাদে ইসরায়েলজুড়ে ব্যাপক বিক্ষোভ শুরু হয়। পরে ফিলিস্তিনের গাজা উপত্যকায় যুদ্ধ শুরুর পর নেতানিয়াহুবিরোধী সেই বিক্ষোভ থেমে যায়।

এছাড়া গাজায় হামাসের বিরুদ্ধে যুদ্ধ শুরুর নির্দেশ দেওয়ায় আন্তর্জাতিক অপরাধ আদালত (আইসিসি) নেতানিয়াহুর বিরুদ্ধে যুদ্ধাপরাধের অভিযোগে গ্রেফতারি পরোয়ানাও জারি করেছে।

তবে নেসেট দেওয়া বক্তৃতায় আন্তর্জাতিক আদালতের এই মামলার বিষয়ে কিছু বলেননি ট্রাম্প। যদিও এর আগে আইসিসির পরোয়ানার নিন্দা ও সংস্থাটির কিছু কর্মীর ওপর নিষেধাজ্ঞা আরোপ করেছে যুক্তরাষ্ট্র।

(৫ পাতার পর)

# সরকার কর্মচারীদের সামাজিক সুরক্ষা কভারেজ-এর আওতায় আনা বাড়াতে কর্মচারী নথিভুক্তিকরণ অভিযান ২০২৫ শুরু করল

নিয়োগকারী সকল কর্মরত কর্মচারীদের নথিভুক্তিকরণ করতে পারে, যারা পয়লা জুলাই ২০১৭, ৩১ অক্টোবর ২০২৫-এর মধ্যে প্রতিষ্ঠানে যোগ দিয়েছে এবং যাঁরা ঘোষণার এই তারিখ পর্যন্ত জীবিত এবং কর্মরত, কিন্তু যে কোনও কারণেই হোক প্রথম ইপিএফ যোজনায় নথিভুক্ত হননি।

এক বড় সুবিধা হিসেবে আগেকার সময়ে (পয়লা জুলাই ২০১৭ থেকে ৩১ অক্টোবর ২০২৫ পর্যন্ত) – এর জন্য ভবিষ্য নিধি অংশগ্রহণে কর্মচারীর অংশ মকুব করে দেওয়া হবে যদি তা না কর্মচারীর বেতন থেকে কাটা না হয়ে থাকে। নিয়োগকারীকে শুধুমাত্র ওই সময়ের জন্য নিজের অংশটুকু দিতে হবে।

এই যোজনার সুবিধাপ্রাপক নিয়োগকারীদের এককালীন ১০০ টাকার নামমাত্র জরিমানা দিতে হবে যা আইন লঙ্ঘনের জন্য দেয় জরিমানার থেকে অনেক কম।

সকল প্রতিষ্ঠান প্রস্তাবিত যোজনায় অংশ নেওয়ার যোগ্য, এমনকি সেই সব প্রতিষ্ঠানও যারা অধিনিয়মের ৭এ ধারা মোতাবেক বা যোজনার ২৬ বি অনুযায়ী অথবা কর্মচারী পেনশন যোজনা ১৯৯৫-এর প্যারাগ্রাফ ৮ অনুযায়ী তদন্তের মুখোমুখি।

ইইসি-র সুবিধাপ্রাপক নিয়োগকর্তাদের বিরুদ্ধ ইপিএফও দ্বারা কোনও স্বতঃপ্রণোদিত মামলা শুরু করা হবে না, যারা ঘোষণার তারিখের মধ্যে প্রতিষ্ঠান ছেড়ে চলে যাওয়া এমন কর্মচারীদের দৌলতে ইইসির সুযোগ নিয়েছেন।

সকল নিয়োগকারী যারা ইইসি ২০২৫ অনুযায়ী নথিভুক্ত অথবা ইইসি ২০২৫ অনুযায়ী অতিরিক্ত কর্মচারীর ঘোষণা করেছেন তারা প্রধানমন্ত্রী বিকশিত ভারত রোজগার যোজনার সুবিধা লাভ করার যোগ্য বলে বিবেচিত হবেন, তবে, যোজনা অনুযায়ী কিছু নিয়ম এবং কিছু শর্ত মেনে চলা সাপেক্ষে।


নিয়োগকারীদের ইপিএফও দ্বারা উপলব্ধ অনলাইন সুবিধার মাধ্যমে ঘোষণা করতে হবে, যেখানে নিয়োগকারী নথিভুক্ত কর্মচারীদের বিবরণ দেবেন এবং এটিকে ইলেকট্রনিক চালান-সহ রিটার্ন-এর সঙ্গে জুড়ে দেবেন, যার মাধ্যমে নিজস্ব ভাগ এবং ১০০ টাকার এককালীন জরিমানা দেওয়া হয়েছে।

সরকার মনে করে, এই অভিযান কর্মচারীদের জন্য সামাজিক সুরক্ষা কভারেজ-এর লক্ষ্যে নথিভুক্তিকরণ বৃদ্ধি পাবে এবং এটি নিয়োগকারীদের জন্যও গুরুত্বপূর্ণ হয়ে উঠবে, যারা তাদের পূর্ব রেকর্ডের ন্যূনতম/ আইনি বোঝা নিয়ে নিয়মিত করতে পারবেন এবং ব্যবসা করার পক্ষেও সুবিধা হবে।

# সিনেমার খবর

## শাহরুখ খানের জাতীয় পুরস্কার জয়ে উচ্ছ্বসিত গৌরী যা বললেন

**স্টাফ রিপোর্টার, রোজদিন**



বলিউড নির্মাতা করণ জোহর ও কিং খানের বন্ধুত্ব চলচ্চিত্র জগতে এক গভীর সম্পর্কের উদাহরণ। করণ জোহর প্রায়শই শাহরুখ খানকে 'ভাই' বলে সম্বোধন করেন। তাদের এই ব্যক্তিগত ও পেশাদার বন্ধন বহু বছর ধরেই আলোচনার কেন্দ্রে।

সম্প্রতি এই সম্পর্কের নতুন মাত্রা পেয়েছে যখন করণ অভিনয় করেছেন শাহরুখ-পুত্র আরিয়ান খান পরিচালিত প্রথম প্রজেক্টে। আরিয়ানের পরিচালনায় প্রথম প্রজেক্ট 'দ্য ব্যাড্স অফ বলিউড' -এ অভিনয় করেছেন করণ জোহর।

তিনি নিজের চরিত্রেই অভিনয় করেছেন। অর্থাৎ তাকে বলিউডের প্রযোজক-পরিচালক রূপেই দেখা গিয়েছে। সিরিজে কাজ করতে গিয়ে শাহরুখ ও আরিয়ানের একটি বড় মিল এবং একটি অমিল খুঁজে পেয়েছেন করণ।

সম্প্রতি এক সাক্ষাৎকারে করণ বলেন, "ওরা দু'জনেই (শাহরুখ ও আরিয়ান) পাগলের মতো এবং খুব নিষ্ঠার সঙ্গে একটি দৃশ্য নিয়ে পড়ে থাকতে পারেন। যতক্ষণ না মনের মতো দৃশ্যটি হচ্ছে, ততক্ষণ ওরা হাল ছাড়েন না।"

আর বাবা-পুত্রের মধ্যে অমিলটি কী? প্রশ্নের উত্তরে করণ জানান, সত্যিই বাবা ও ছেলের মধ্যে মাত্র একটি অমিল— শাহরুখ ক্যামেরার সামনে কাজ করেন। আরিয়ান তা করেন না।

শাহরুখের সঙ্গে দীর্ঘ দিনের বন্ধুত্বের বিষয়টি নিয়ে করণ বলেন, "শাহরুখ খান আমার বন্ধু, আমার শিক্ষক, ভাই এবং সব কিছু। একমাত্র ও-ই আমার সঙ্গে কখনও টাকাপয়সা নিয়ে আলোচনা করেনি।"

তিনি বলেন, কোনও ছবির চুক্তিতে সই করার আগে শাহরুখ কখনওই টাকাপয়সা নিয়ে আলোচনা করেন না। করণ জোহর জানান, চিত্রনাট্য তৈরি হলে সোজা শাহরুখকে পাঠিয়ে দেন তিনি। সেই সঙ্গে শুটিং-এর তারিখ জানিয়ে দেন। শাহরুখ যা পারিশ্রমিক চাইবে, সেটাই অন্তিম— এও জানিয়ে দেন। তার পরে আর কোনও আর্থিক আলোচনা হয় না। সোজা চুক্তিপত্রের সই করে দেন বলি তারকা। করণের কথায়, "শাহরুখ আমার পরিবার। ও ছাড়া বাকি সব অভিনেতাই খুব পেশাদার ব্যবহার করেছেন।"

উল্লেখ্য, 'দ্য ব্যাড্স অফ বলিউড'-এ করণ ছাড়াও অভিনয় করেছেন ববি দেওল, মোনা সিংহ, লক্ষ্য, রাঘব জুয়াল, অন্যা সিংহ, মনোজ পাহওয়া, সাহের বম্বা।

## চলে গেলেন বলিউড অভিনেত্রী সন্ধ্যা



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

বলিউডের প্রখ্যাত অভিনেত্রী ও নির্মাতা ভি. শান্তারামের স্ত্রী সন্ধ্যা শান্তারাম মারা গেছেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৯৪ বছর। শনিবার (৪ অক্টোবর) মুম্বাইয়ের নিজ বাসভবনে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন তিনি। খবরটি নিশ্চিত করেছে ভারতীয় সংবাদ সংস্থা পিটিআই।


মহারাষ্ট্র সরকারের তথ্যপ্রযুক্তি ও সংস্কৃতি বিষয়ক মন্ত্রী অশীষ শেলার অভিনেত্রীর প্রয়াণে এক্স-এ (সাবেক টুইটার) শোক প্রকাশ করে লিখেছেন,'পিঞ্জরা'র খ্যাতিমান অভিনেত্রী সন্ধ্যা শান্তারামের মৃত্যু অত্যন্ত দুঃখজনক। হিন্দি ও মারাঠি সিনেমায় তাঁর অবদান, বিশেষ করে অভিনয় ও নৃত্যের মধ্য দিয়ে, চিরস্মরণীয় হয়ে থাকবে। ঈশ্বর তাঁর আত্মাকে শান্তি দিন।মুম্বাইয়ের শিবাজি পার্কের বৈকুণ্ঠ ধামে সন্ধ্যার শেষকৃত্য সম্পন্ন হয়। পরিবারের সদস্য, ঘনিষ্ঠজন এবং ভক্তরা উপস্থিত থেকে প্রিয় তারকাকে শেষ শ্রদ্ধা জানান।

সন্ধ্যার প্রকৃত নাম ছিল বিজয়া দেশাই। ১৯৫১ সালে ভি. শান্তারামের ছবি 'অমর ভূপালি'দিয়ে তার চলচ্চিত্রে পথচলা শুরু। ছবিটির জন্য শান্তারাম নতুন মুখ খুঁজছিলেন, আর সন্ধ্যার কণ্ঠস্বর ও ব্যক্তিত্ব দেখে তাঁকে বেছে নেন। সেখান থেকেই শুরু হয় তাঁর রুপালি পর্দার সোনালি অধ্যায়।

ভি. শান্তারামের তৃতীয় স্ত্রী ছিলেন সন্ধ্যা। শান্তারাম তাঁর দ্বিতীয় স্ত্রী জয়শ্রী থেকে বিচ্ছেদের মাত্র এক মাস পর সন্ধ্যাকে বিয়ে করেন।

## ত্রিশলার অভিনয়ের ভূত নামায় আমি নিশ্চিন্ত: সঞ্জয় দত্ত

**স্টাফ রিপোর্টার, রোজদিন**



দাদা-দাদী দুইজনেই ছিলেন অভিনেতা। বাবাও অভিনেতা। মেয়ের ইচ্ছা ছিল সেই জগতেই পা রাখবেন। রিচা শর্মা ও সঞ্জয় দত্তের একমাত্র কন্যা ত্রিশলা দত্ত। বরাবরই বাবা-মেয়ের সম্পর্কের বন্ধন বেশ শক্তপোক্ত।

বেশ কয়েক বছর আগে মেয়ে অভিনেত্রী হওয়ার ইচ্ছা প্রকাশ করেছিলেন বাবার কাছে। তখনই বাবা সঞ্জয় দত্ত বাধা দিয়েছিলেন। বলেছিলেন, "মেরে ঠ্যাং খোঁড়া করে দেব, যদি আমার মেয়ে অভিনয়কে পেশা হিসেবে বেছে নেয়।"

বেশ কয়েক বছর আগের এক সাক্ষাৎকারে অভিনেতাকে তার মেয়েকে নিয়ে কী স্বপ্ন সে ব্যাপারে জিজ্ঞেস করতে সোজাসাপ্টা জানান, মেয়ে অভিনেত্রী হোন চান না তিনি। অধিকাংশ তারকা-সন্তানই বাবা-মায়ের দেখানো পথেই হাঁটেন। কেউ সাফল্য পান, কেউ পান না।

প্রয়াত অভিনেত্রী রিচা শর্মা ও সঞ্জয়ের মেয়ে ত্রিশলা ফরেন্সিক সায়েন্স নিয়ে বিদেশে পড়াশোনা করেছেন। সঞ্জয় বলেন, "আমার মনে হয়, ত্রিশলা তার ক্যারিয়ারে বেশ ভালই এগোচ্ছে। এই অভিনয় জগতে এসেই বা কী করবে? তা ছাড়া হিন্দি সিনেমায় কাজ করতে গেলে ভাষাটা জানা দরকার। আমার মনে হয় সেটা ওর ক্ষেত্রে প্রতিবন্ধকতা হতে পারে।"

তার বরাবর ইচ্ছা ছিল, মেয়ে পড়াশোনা শেষ করে এফবিআই (ফেডেরাল ব্যুরো অব ইনভেস্টিগেশন)-এ চাকরি করুক। যদিও অভিনেতা কন্যার এফবিআই অফিসার হয়ে ওঠা হয়নি। এই মুহূর্তে আমেরিকায় সাইকোথেরাপি নিয়ে কাজ করছেন তিনি।

ত্রিশলার অন্য পেশা বেছে নেওয়ার সিদ্ধান্ত প্রসঙ্গে সঞ্জয় সেই সাক্ষাৎকারে বলেন, "জানি না, অভিনেত্রী হওয়ার কথা কে মাথায় ঢুকিয়েছিল। তবে সেই ভূত যে নেমেছে আমি নিশ্চিন্ত। যথেষ্ট ভাল ক্যারিয়ার ওর।"

# রোহিতকে অধিনায়কত্ব থেকে সরানোর কারণ জানালেন আগারকার

**স্টাফ রিপোর্টার, রোজদিন**

আসন্ন অস্ট্রেলিয়া সফরের জন্য দল ঘোষণা করেছে ভারত। ওয়ানডে দলে থাকলেও অধিনায়কত্ব থেকে রোহিত শর্মাকে সরিয়ে দেওয়া হয়েছে। তার বদলে শুবমান গিলের নেতৃত্বে খেলবে ভারত। রোহিতকে অধিনায়কত্ব থেকে সরানো নিয়ে ব্যাখ্যা দিয়েছেন বিসিসিআইয়ের প্রধান নির্বাচক অজিত আগারকার।



ক্রিকেটের তিন ফরম্যাটের দুইটি থেকেই অবসর নিয়েছেন রোহিত। টি-টোয়েন্টি ও টেস্টকে বিদায় বললেও ওয়ানডে ক্রিকেট এখনো খেলছেন রোহিত। সবশেষ গত মার্চে চ্যাম্পিয়ন্স ট্রফিতে দলকে শিরোপা এনে দিয়েছিলেন তিনি। এরপর গত কয়েক মাসে কোনো ওয়ানডে সিরিজ খেলেনি ভারত।

অস্ট্রেলিয়া সফরের দলে রোহিত-কোহলিরা দলে থাকলেও শুবমান গিলের নেতৃত্বে খেলবে ভারত। এ নিয়ে ভারতের প্রধান নির্বাচক অজিত আগারকার বলেন, তিন ফর্ম্যাটে তিনজন আলাদা আলাদা অধিনায়ক রাখা সম্ভব নয়। এটা দলের জন্য যেমন ভালো নয়, তেমনই কোচের জন্যও সমস্যা তৈরি করে।

আগামী বিশ্বকাপের পরিকল্পনার অংশ হিসেবে রোহিতকে নেতৃত্ব থেকে সরানো হয়েছে বলেও জানিয়েছেন প্রধান নির্বাচক। রোহিতকে সরানোর উদ্দেশ্য হলো যেন নতুন অধিনায়ক বিশ্বকাপের জন্য দল গুছিয়ে নিতে পারেন। আগারকার বলেন, আমরা পরের বিশ্বকাপের কথা ভেবেছি। রোহিতকে সরানোর এটাও একটা কারণ। এখন ওয়ানডে বেশি খেলা হয় না। দুই বছর অনেক সময় মনে হতে পারে। কিন্তু আসলে তা নয়। বেশি ম্যাচ পাওয়া যাবে না। শুবমানকে তাই এখনই দায়িত্ব দেওয়া হয়েছে। যাতে ও দল তৈরি করে নিতে পারে। যেমন সূর্যকুমার যাদবকেও ২০২৬ টি-টোয়েন্টি বিশ্বকাপের দুই বছর আগে দায়িত্ব দেওয়া হয়েছে। ওকেও দল গুছিয়ে নেয়ার সময় দেওয়া হয়েছে।

রোহিতকে নেতৃত্ব থেকে সরানোর আগে অবশ্য তার সঙ্গে কথা বলেছেন নির্বাচকরা। আগারকার বলেন, রোহিতের সঙ্গে আমার কথা হয়েছে। এমন নয় যে না জানিয়েই নেতৃত্ব থেকে সরিয়ে দেওয়া হয়েছে।

অধিনায়কত্ব হারালেও আগামী ওয়ানডে বিশ্বকাপের দলে থাকতে পারেন রোহিত। কোহলিরও থাকার সম্ভাবনা রয়েছে। এ নিয়ে ভারতের প্রধান নির্বাচক বলেন, ওরা বিশ্বকাপ খেলবে কিনা, সেটি এখনই আমার পক্ষে বলা সম্ভব নয়। ওদের ফিটনেস সংক্রান্ত কোনো সমস্যা নেই। দুইজনেই

# ক্যাম্পবেল-হোপের জোড়া সেঞ্চুরিতে পঞ্চম দিনে দিল্লি টেস্ট



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

দিল্লি টেস্টে ইনিংস হারের শঙ্কা যখন ঘনিয়ে এসেছিল, তখন জন ক্যাম্পবেল ও শাই হোপের জোড়া শতকে ভর করে চতুর্থ দিনে ঘুরে দাঁড়ায় ওয়েস্ট ইন্ডিজ। দ্বিতীয় ইনিংসে ৩৯০ রানে অলআউট হয়ে ভারতকে জয়ের জন্য ১২১ রানের লক্ষ্য দেয় সফরকারীরা। জবাবে চতুর্থ দিন শেষে ১ উইকেটে ৬৩ রান তুলেছে ভারত, জয়ের জন্য গিলের দলের দরকার আর মাত্র ৫৮ রান।

ফলোঅন করা ওয়েস্ট ইন্ডিজের লড়াই শুরু হয়েছিল ক্যাম্পবেল ও হোপের ব্যাটে। এই দুজন গড়েন ১৭৭ রানের দুর্দান্ত জুটি। ১১৫ রান করে এলবিডব্লিউ হয়ে ফিরেন ক্যাম্পবেল, তাঁকে ফেরান রবিশঙ্কর জাদেজা। এরপর হোপের সঙ্গে অধিনায়ক রোস্টন চেজ গড়েন ৫৯ রানের আরও একটি গুরুত্বপূর্ণ জুটি। তবে মোহাম্মদ সিরাজের দারুণ এক ডেলিভারিতে বোল্ড হয়ে ফিরে যান ১০৩ রান করা শাই হোপ।

এরপর আবারও ধসে পড়ে ক্যারিবীয় ব্যাটিং লাইনআপ। দ্রুত ৩ উইকেট হারিয়ে ইনিংস হারের মুখে পড়ে তারা। তবে শেষ উইকেটে জাস্টিন গ্রিভস ও জেডন সিলস ৭৯ রানের লড়াকু জুটি গড়ে দলকে বাঁচান সেই লজ্জা থেকে। গ্রিভস ৫০ রানে অপরাজিত থাকেন, আর সিলস করেন ৩২ রান। ভারতের হয়ে কুলদিপ যাদব ও জসপ্রিত বুমরাহ ৩টি করে উইকেট নেন।

১২১ রানের সহজ লক্ষ্য তাড়ায় ব্যাট করতে নেমে শুরুতেই আউট হয়ে যান প্রথম ইনিংসে শতক করা ইয়াশস্বী জয়সওয়াল (৮ রান)। তবে এরপর আর কোনো বিপদ হয়নি। দিন শেষে কেএল রাহুল ২৫ ও সুদর্শন ৩০ রানে অপরাজিত আছেন।

দিল্লি টেস্টে এখন ফলাফল যেন সময়ের অপেক্ষা। ভারতের দরকার মাত্র ৫৮ রান, হাতে রয়েছে ৯ উইকেট। অন্যদিকে, ওয়েস্ট ইন্ডিজের সামনে এখন শুধুই অসম্ভবকে সম্ভব করার চ্যালেঞ্জ, জিততে হলে নিতে হবে ৯ উইকেট।

● স্বত্বাধিকারী, প্রকাশক এবং মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ এবং ১৯ডি, জামির লেন, কলকাতা-৭০০০১৯ থেকে ডিজিটাল মুদ্রিত ● সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৪৩৮২০৩১
● Printed, Published and Owned by MRITYUNJOY SARDAR ● Printed by Queen Press - Hedia, P.O . : Uttar Moukhali, P.S. : Jibantala, Dist. : South 24 Parganas, Pin : 743329
and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 & 19D, Jamir Lane, Kolkata -700 019 ● Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR